# প্রধানমন্ত্রীর সাথে বঙ্গবন্ধু কাউন্সিল অস্ট্রেলিয়ার সাক্ষাত



বাম থেকে সুমন সাহা, শেখ শামীমুল হক, প্রধানমন্ত্রী জুলিয়া গিলার্ড, মিশেল র‍্যোল্যান্ড ও বদরুল আলম খান

তুষার রায়ঃ বঙ্গবন্ধু কাউন্সিল অস্ট্রেলিয়ার সভাপতি শেখ শামীমুল হক গত ৪ মার্চ, সোমবার অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী জুলিয়া গিলার্ড এর সাথে মধ্যাহ্নভোজ ও এক বিশেষ সাক্ষাতকারে মিলিত হন। সিডনিতে অনুষ্ঠিত এ সাক্ষাতকারে তাঁর সাথে সংগঠনের কার্যকরী সদস্য বদরুল আলম খান ও হলরয়েড কাউন্সিলের বাসিন্দা এবং অস্ট্রেলিয়ান লেবার পার্টির সদস্য সুমন সাহাও অংশগ্রহণ করেন। প্রধানমন্ত্রীর সাথে ফেডারেল এমপি ও মন্ত্রী খ্রিস বাওয়েন এবং ফেডারেল এমপি মিশেল র‍্যোল্যান্ড উপস্থিত ছিলেন।

শেখ শামীমুল হক বিগত দুই দশকের বেশি সময় ধরে বঙ্গবন্ধু কাউন্সিল অস্ট্রেলিয়ার বিভিন্ন সামাজিক কর্মকাণ্ড সফলভাবে পরিচালনা এবং স্থানীয় ও বাংলাদেশের বিভিন্ন সংগঠনে সেবামূলক সাহায্য প্রদানের কার্যক্রম প্রধানমন্ত্রীর কাছে তুলে ধরেন। প্রধানমন্ত্রী এসব কর্মকাণ্ড সম্পর্কে সন্তোষ প্রকাশ করেন।

এ ছাড়াও অস্ট্রেলিয়া-প্রবাসী বাংলাদেশিদের বিভিন্ন সমস্যা, বাংলাদেশের জলবায়ু-সম্পর্কিত সমস্যা সমাধানে অস্ট্রেলিয়ার অব্যাহত সহযোগিতা, বাংলাদেশের সাম্প্রতিক রাজনৈতিক পরিস্থিতিসহ আরও কিছু প্রসঙ্গ আলোচনায় স্থান পায়।